**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৭ মার্চ ২০১৬, ২৪ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পাটকে কৃষিপণ্য হিসেবে ঘোষণা প্রধানমন্ত্রীর
২। ফিজির ঘূর্ণিঝড় দুর্গতদের জন্য প্রধানমন্ত্রীর ১০ লাখ ডলার সহায়তা
৩। ঐতিহাসিক ৭ মার্চ আজ
৪। অশান্তি সৃষ্টিকারী আগুন সন্ত্রাসীদের প্রশ্রয় দেবেন না : তথ্যমন্ত্রী
৫। সিম নিবন্ধনে আঙ্গুলের ছাপ সংক্ষণ করা হচ্ছে না : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী
৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের মানুষের ভাগ্যোন্নয়ন ঘটেছে : স্পিকারের সঙ্গে সাক্ষাৎকালে ভারতের রাষ্ট্রপতি
৭। বাংলাদেশের সঙ্গে বাণিজ্যের বিপুল সম্ভাবনা রয়েছে : সংবাদ সম্মেলনে সাত লাতিন রাষ্ট্রদূত
৮। বাংলাদেশের তৈরি পোশাক শিল্প হবে বিশ্বের রোল মডেল : শ্রম প্রতিমন্ত্রী
৯। নারীর চ্যালেঞ্জগুলো মোকাবিলায় সবাইকে এগিয়ে আসতে হবে : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী
১০। বর্তমান অর্থবছরের প্রথম আট মাসে রফতানিতে প্রবৃদ্ধির ধারা অব্যাহত
১১। বাংলাদেশে বিশ্ব ব্যাংকের নতুন কান্ট্রি ডিরেক্টর কিমিও ফান

চলমান পাতা-২

১। **পাটকে কৃষিপণ্য হিসেবে ঘোষণা প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পাটকে কৃষিপণ্য হিসেবে ঘোষণ করে বলেছেন, পাটকে এখন থেকে কৃষিপণ্য হিসেবে বিবেচনা করা হবে। পাট উৎপাদন, বিপণন ও রপ্তানির ক্ষেত্রে কৃষিপণ্য হিসেবে প্রাপ্ত সুযোগ-সুবিধাগুলো এখানে প্রদান করা হবে। প্রধানমন্ত্রী পরিবেশবান্ধব তন্তু হিসেবে পাটের বহুমুখী ব্যবহার নিশ্চিত করে কৃষকদের স্বার্থরক্ষার আহ্বান জানিয়ে বলেন, পাট খাতের মাধ্যমে এখনও বাংলাদেশের বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগ রয়েছে। শ্রমিকদের স্বার্থরক্ষায় এ সময় মজুরি কমিশন গঠনেরও ঘোষণা দেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৬ মার্চ রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০'এর সফল বাস্তবায়নে সম্মাননা প্রদান এবং তিন দিনব্যাপী বহুমুখী পাটজাত পণ্য মেলা-২০১৬ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** ( পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর, যায়যায়দিন, ভোরের কাগজ, ইনকিলাব, প্রথম আলো, নয়াদিগন্ত, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **ফিজির ঘূর্ণিঝড় দুর্গতদের জন্য প্রধানমন্ত্রীর ১০ লাখ ডলার সহায়তা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিজিতে সাম্প্রতিক ভয়াবহ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য নগদ এক মিলিয়ন (১০ লাখ) ডলার (প্রায় আট কোটি টাকা) সহায়তা প্রদান করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা বলা হয়েছে। গত ২০ ফেব্রুয়ারি দক্ষিণ প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের এই দ্বীপ রাষ্ট্রে ঘূর্ণিঝড়ের আঘাতে 'মানবিক বিপর্যয় দেখা দিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **অবজারভার** (পৃ.৩,ক.৪)।

৩। **ঐতিহাসিক ৭ মার্চ আজ**

আজ ঐতিহাসিক ৭ মার্চ। বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসের এক অনন্য দিন। দীর্ঘ আপসহীন আন্দোলনের একপর্যায়ে ১৯৭১ সালের এই দিনে সোহরাওয়ার্দী উদ্যানে ( তদানীন্তন রেসকোর্স ময়দানে) বিশাল জনসমুদ্রে দাঁড়িয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ডাক দেন। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **অশান্তি সৃষ্টিকারী আগুন সন্ত্রাসীদের প্রশ্রয় দেবেন না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, উন্নয়নের এ যাত্রা অব্যাহত রাখার লক্ষ্যে অশান্তি সৃষ্টিকারী আগুন সন্ত্রাসীদের প্রশ্রয় দেবেন না। আন্দোলনের নামে গাইবান্ধার পলাশবাড়ীসহ সারাদেশে যে আগুন সন্ত্রাস ঘটে গেল তা বাংলাদেশের জন্য লজ্জার ব্যাপার। আমরা অনেক ধৈর্যের সঙ্গে এটা মোকাবিলা করেছি। দেশে শান্তি ফিরিয়ে এনেছি। শান্তি ছাড়া দেশের উন্নয়ন হয় না। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। গাইবান্ধা জেলার পলাশবাড়ীতে গত ৫ মার্চ শনিবার দিবাগত রাতে গাইবান্ধা জেলা ট্রাক, ট্রাঙ্কলরি ও কাভার্ড ভ্যান পরিবহণ মালিক সমিতির কার্যালয় উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৫)।

৫। **সিম নিবন্ধনে আঙ্গুলের ছাপ সংক্ষণ করা হচ্ছে না : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

বায়োমেট্রিক পদ্ধতিতে মোবাইল সিম নিবন্ধন ও পুন:নিবন্ধন কার্যক্রমে কোনো পর্যায়েই আঙ্গুলের ছাপ সংরক্ষণ করা হচ্ছে না বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। বায়োমেট্রিক পদ্ধতিতে আঙ্গুলের ছাপ নিয়ে শুধু জাতীয় পরিচয়পত্রের তথ্য ভাণ্ডারে রক্ষিত আঙ্গুলের ছাপের সঙ্গে যাচাই করা হচ্ছে। গতকাল ৬ মার্চ রোববার সচিবালয়ে বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন নিয়ে এক সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**৬।	প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের মানুষের ভাগ্যোন্নয়ন ঘটেছে**
**: স্পিকারের সঙ্গে সাক্ষাৎকালে ভারতের রাষ্ট্রপতি**

ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জী বলেছেন, বাংলাদেশের সংসদীয় গণতন্ত্র আন্তর্জাতিক মানে উন্নীত হওয়ার ফলে দুটি আন্তর্জাতিক পালামেন্টারি ফোরাম সিপিএ ও আইপিএ প্রধান বাংলাদেশ থেকে নির্বাচিত



হয়েছে। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরর্দশী ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশের সাধারণ মানুষের ভাগ্যোন্নয়ন ঘটেছে এবং আন্তর্জাতিক অঙ্গনে বলিষ্ঠ ভূমিকা রাখায় বাংলাদেশ প্রশংসিত হচ্ছে। গত ৫ মার্চ শনিবার রাষ্ট্রপতি তার বাসভবনে সিপিএ চেয়ারপারসন ও ড. শিরিন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎকালে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৭।	বাংলাদেশের সঙ্গে বাণিজ্যের বিপুল সম্ভাবনা রয়েছে : সংবাদ সম্মেলনে সাত লাতিন রাষ্ট্রদূত**

বাংলাদেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্যর বিপুল সম্ভাবনা রয়েছে বলে অভিমত ব্যক্ত করেছেন লাতিন আমেরিকার সাত দেশের রাষ্ট্রদূত। তারা বলেছেন, বিভিন্ন পর্যায়ে সফর বিনিময়সহ নিয়মিত যোগাযোগ সৃষ্টি করে এ সম্ভাবনাকে কাজে লাগানো যেতে পারে। লাতিন আমেরিকার এই সাত দেশের রাষ্ট্রদূতরা গতকাল ৬ মার্চ রোববার 'বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যাণ্ড স্ট্র্যাটেজিক ষ্টাডিজ' মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে বক্তব্যে রাখেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১) **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭)।

**৮।	বাংলাদেশের তৈরি পোশাক শিল্প হবে বিশ্বের রোল মডেল : শ্রম প্রতিমন্ত্রী**

বাংলাদেশের তৈরি পোশাক শিল্প আগামীতে বিশ্বে রোল মডেল হিসেবে প্রতিষ্ঠিত হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। তিনি বলেন, ২০২১ সালের মধ্যে এ দেশের তৈরি পোশাক হবে সবচেয়ে নিরাপত্তামূলক বিনিয়োগ খাত। গতকাল ৬ মার্চ রোববার রাজধানীর হোটেল রেডিসনে এক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৩), **ইনকিলাব** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**৯।	নারীর চ্যালেঞ্জগুলো মোকাবিলায় সবাইকে এগিয়ে আসতে হবে**
**: মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, নারীরা এগিয়ে যাওয়ার পথে প্রধান চ্যালেঞ্জগুলো মোকাবিলায় সবাইকে এগিয়ে আসতে হবে। দেশে বিভিন্ন আইন আছে, তা বাস্তবায়নেও প্রতিমন্ত্রী সবার সহযোগিতা চান। গতকাল ৬ মার্চ রোববার রাজধানীতে জাতীয় প্রেসক্লাবের সামনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বিভিন্ন নারী ও  সামাজিক সংগঠনের আয়োজনে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১০।	বর্তমান অর্থবছরের প্রথম আট মাসে রফতানিতে প্রবৃদ্ধির ধারা অব্যাহত**

চলতি ২০১৫-১৬ অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) রফতানিতে আট দশমিক ৯২ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। এ সময়ে দুই হাজার ২১২ কোটি ৩৭ লাখ মার্কিন ডলারের পণ্য রফতানির  পরিমাণ ছিল দুই হাজার ৩১ কোটি ১৮ লাখ ডলার। অর্থ বছরের শুরু থেকে প্রথম কয়েক মাস নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার পর নভেম্বর মাসে রফতানিতে গতি আসে। রফতানির নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করে ভাল প্রবৃদ্ধিও হয়। আর গত মাসেও সে প্রবৃদ্ধির ধারা অব্যাহত ছিল বলে রফতানি উন্নয়ন ব্যুরোর হালনাগাদ পরিসংখ্যানে দেখা গেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.২),
**ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১১।	বাংলাদেশে বিশ্ব ব্যাংকের নতুন কান্ট্রি ডিরেক্টর কিমিও ফান**

বিশ্বব্যাংকের বাংলাদেশ অফিসে নতুন কান্ট্রি ডিরেক্টর হিসেবে যোগ দিচ্ছেন কিমিও ফান। আজ সোমবার ৭ মার্চ থেকে কাজে যোগ দেবেন তিনি। চীনের নাগরিক কিমিও ফান একই সঙ্গে ভুটান ও নেপালের কান্ট্রি ডিরেক্টর হিসেবেও দায়িত্ব পালন করবেন। গতকাল ৬ মার্চ রোববার বিশ্বব্যাংকের বাংলাদেশ অফিসের জনসংযোগ কর্মকর্তা মেহরীন এ মাহবুব বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** পুরান ঢাকায় ওয়াসার সরবরাহ করা ময়লা ও দুর্গন্ধময় পানির কারণে সেখানকার মানুষেরা বিশুদ্ধ খাবার পানি পাচ্ছেনা উল্লেখ করে এ সমস্যা সমাধানে ওয়াসাকে জরুরি ভিত্তিতে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** গাজীপুরের একটি বেসরকারি ব্যাংকের বুথে অর্থ লোড করার সময় দুর্বৃত্তরা হানা দিয়ে ১ কোটি ৮৪ লাখ টাকা লুট করে নিয়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এটিএম বুথগুলোর নিরাপত্তা জোরদার করা ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ, ডেইলি স্টার, নিউ এজ :** গত বছর দেশে সংখ্যালঘুরা ২৬২টি মানবাধিকার লংঘনের ঘটনার শিকার হয়েছে উল্লেখ করে সংখ্যালঘু নির্যাতন প্রতিরোধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার দাবি।

ঘ. **সমকাল :** প্রসাধনীতে রাসায়নিক ব্যবহার সীমিত রাখার আইন কার্যকরের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইত্তেফাক, জনকণ্ঠ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, অবজারভার :** বাঙালি জাতির জীবনে এক অবিস্মরণীয় দিন আজ ঐতিহাসিক ৭ মার্চ উল্লেখ করে ৭ মার্চের ভাষণ বিশ্ব ইতিহাসেও অম্লান হয়ে থাকবে বলে মত প্রকাশ

চ. **ডেইলি স্টার, ভোরের কাগজ :** ত্বকি হত্যা মামলার তিন বছর পার হলেও বিচার না হওয়ার পরিপ্রেক্ষিতে ন্যায় বিচার নিশ্চিত করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** দেশের সব ভূমি অফিস ডিজিটালাইজড করার কাজ দেরি না করে দ্রুত সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ।

জ. **ইন্ডিপেনডেন্ট :** খুলনা জেলায় আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় আর্সেনিক দূষণ প্রতিরোধে গবেষণা কাজে বাজেট বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** অননুমোদিত হার্বাল ওষুধ উৎপাদন ও বিপণন বন্ধের ব্যবস্থা করে খাঁটি ভেষজ ওষুধ উৎপাদন করে তা জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার আহ্বান।

ঞ. **নিউ নেশন :** ওর্য়াক পারমিট ছাড়া দেশে বিপুল সংখ্যক বিদেশি চিকিৎসক বিশেষ করে ভারতীয় চিকিৎসক কাজ করার বিষয় তুলে ধরে স্বাস্থ্য মন্ত্রণালয়কে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে ৭ মার্চের বঙ্গবন্ধুর ভাষণ বাংলার সব মানুষকে পথ প্রর্দশন করেছিল শত্রুর সঙ্গে লড়াই করার বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'যেসব খাবার ক্যান্সারের ঝুঁকি বাড়ায়'** শিরোনামের নিবন্ধে ড. মুনীরউদ্দিন আহমদ যেসব খাবার খেলে ক্যান্সারের ঝুঁকি বাড়ে সেসব খাবার ভেবেচিন্তে খেতে হবে যাতে করে আমরা নিরাপদ ও সুস্থ জীবন যাপন করতে পারি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা